60

দৈনিক সংবাদ

তারিখ ... JUL 23 1999

পৃঃ ৮ কলাম ৭

# সাতক্ষীরা মহিলা কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

সাতক্ষীরা থেকে নিজস্ব সংবাদদাতা ঃ সাতক্ষীরা সরকারি মহিলা কলেজের অধ্যক্ষের অপসারণের দাবিতে ছাত্রীদের আন্দোলনের ফলে সৃষ্ট অচলাবস্থার মধ্যে কলেজ বুধবার থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।

অধ্যক্ষের বাসভবন থেকে পাঠানো বন্ধ ঘোষিত নোটিশটি মঙ্গলবার সকালে কলেজে টানানোর সাথে সাথে ছাত্রীরা বিক্ষোভ সমাবেশ করে এ নোটিশ প্রত্যাখ্যান করে। তারা দুর্নীতিবাজ অধ্যক্ষ আবদুল মুত্তালিব চৌধুরীকেও কলেজ ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করে। এদিন বিকেল ৩টায় অধ্যক্ষ অপর এক নোটিশে বুধবার সকাল ১০টার মধ্যে ছাত্রীদের হোস্টেল ত্যাগের নির্দেশ পাঠান।

ছাত্রীরা এ নির্দেশও প্রত্যাখ্যান করে। একাডেমিক কাউন্সিলকে পাশ কাটিয়ে অধ্যক্ষ এককভাবে এসব নোটিশ দেয়ার পরিপ্রেক্ষিতে ছাত্রীরা বুধবার সকাল ১১টায় ডিসির মাধ্যমে শিক্ষামন্ত্রী বরাবর অধ্যক্ষের অপসারণ দাবিতে স্মারকলিপি দেয়ার ঘোষণা দিয়েছে।

উল্লেখ্য, আট দফা সুনির্দিষ্ট অভিযোগ এনে ছাত্রীরা এর আগে অধ্যক্ষের অপসারণ দাবিতে ডিসির কাছে স্মারকলিপি পেশ করে। ১৪ই জুলাই ছাত্রীরা অধ্যক্ষের অপসারণ দাবিতে প্রশাসনিক ভবনসহ সকল ক্লাস রুমে তালা ঝুলিয়ে দেয়। এর তিনদিন পর ১৭ই জুলাই একজন ম্যাজিস্ট্রেট পুলিশের উপস্থিতিতে তালা খুলে দিয়ে চলে যাওয়ার পরপরই ছাত্রীরা ফের তালা ঝুলিয়ে দিয়ে অনির্দিষ্টকালের ধর্মঘটে যায়।

এ ঘটনায় ক্যাম্পাসে অচলাবস্থার সৃষ্টি হয়।